

নির্দেশ বিজ্ঞপ্তি নং- ১২৮৬/২৪

তারিখঃ ১৭/০৯/২০২৪
২ আশ্বিন, ১৪৩১

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক/
সহকারী মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়ঃ আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে নগদ মার্জিন সংরক্ষণ প্রসঙ্গে।

জনাব,

শিরোনামীয় বিষয়ে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং- ৪১ তারিখঃ ০৫ সেপ্টেম্বর, ২০২৪ এর মাধ্যমে কতিপয় বিলাসজাতীয় পণ্য এবং অভ্যন্তরীণভাবে উৎপাদিত আমদানি বিকল্প পণ্যসমূহের আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়েছে (অপর পৃষ্ঠায় মুদ্রিত) :

উদ্ধৃত

শিরোনামোক্ত বিষয়ে ০৪ জুলাই ২০২২ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং- ২৫, ২২ ডিসেম্বর ২০২২ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং- ৫৪ এবং ২০ জুন ২০২৩ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং- ১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রোক্ত সার্কুলার লেটারসমূহের মাধ্যমে বৈশ্বিক অর্থনৈতিক অস্থিতিশীল পরিস্থিতির প্রেক্ষাপটে দেশের মুদ্রা ও ঋণ ব্যবস্থাপনা অধিকতর সুসংহত রাখার লক্ষ্যে আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে নগদ মার্জিনের হার নির্ধারণ সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়।

৩। এক্ষণে, দেশের বৈদেশিক মুদ্রা বিনিময় হার ও লেনদেনে কাজিত স্থিতিশীলতার ক্রমোন্নতি পরিলক্ষিত হওয়ার প্রেক্ষাপটে আমদানি বাণিজ্য সহজীকরণের মাধ্যমে দেশের ব্যবসায়-শিল্প-বাণিজ্যকে গতিশীল করা এবং অভ্যন্তরীণ বাজারে নিত্যপ্রয়োজনীয় ভোগ্যপণ্য সমূহের সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে অনুচ্ছেদ নং-৪ এ উল্লিখিত পণ্যসমূহ ব্যতীত সকল পণ্যের আমদানি ঋণপত্র খোলার ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নগদ মার্জিনের হার নির্ধারণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

৪। নিম্নবর্ণিত বিলাসজাতীয় পণ্য এবং অভ্যন্তরীণভাবে উৎপাদিত আমদানি বিকল্প পণ্যসমূহের আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে ১০০% নগদ মার্জিন সংরক্ষণ করতে হবে:

- ১) মোটরকার (সেডানকার, SUV, MPV ইত্যাদি);
- ২) ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক্স হোম/অফিস অ্যাপ্লায়েন্স;
- ৩) স্বর্ণ ও স্বর্ণালঙ্কার;
- ৪) মূল্যবান ধাতু ও মুক্তা;
- ৫) তৈরি পোশাক;

- ৮) প্রসাধনী;
- ৯) আসবাবপত্র ও সাজসজ্জা সামগ্রী;
- ১০) ফল ও ফুল
- ১১) নন সিরিয়াল ফুড অর্থাৎ অ-শস্য খাদ্যপণ্য;
- ১২) প্রক্রিয়াজাত খাদ্যদ্রব্য ও পানীয়: যেমন: টিনজাত (Canned) খাদ্য, চকলেট, বিস্কুট, জুস, কফি, সফট ড্রিংকস্ ইত্যাদি;
- ১৩) অ্যালকোহল জাতীয় পানীয়; এবং
- ১৪) তামাক, তামাকজাত বা এর বিকল্প পণ্য।

৬) চামড়াজাত পণ্য;

৭) পাটজাত পণ্য;

৫। এতদ্বারা, বিআরপিডি সার্কুলার লেটার নং- ২৫/২০২২, বিআরপিডি সার্কুলার লেটার নং- ৫৪/২০২২ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং- ১৯/২০২৩ এর নির্দেশনা রহিত করা হলো। তবে রহিতকৃত সার্কুলার লেটার সমূহের নির্দেশনা মোতাবেক এ সার্কুলার লেটার জারি হওয়ার পূর্ব পর্যন্ত গৃহীত কার্যক্রম বৈধ বলে গণ্য হবে।

৬। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

৭। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৯ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

অনুদ্রুত

এ অবস্থায়, আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে নগদ মার্জিনের হার সম্পর্কিত বাংলাদেশ ব্যাংকের উপরিউক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন/বাস্তবায়নের জন্য এডি শাখাসহ সংশ্লিষ্ট বিভাগ/কার্যালয় সমূহকে পরামর্শ প্রদান করা হলো।



(মোঃ মামুন-অর-রশীদ)

উপ-মহাব্যবস্থাপক



(মেহের সুলতানা)

মহাব্যবস্থাপক



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিবিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

পরিশিষ্ট-ক

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৪১

০৫ সেপ্টেম্বর ২০২৪

তারিখ: -----

২১ ভাদ্র ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে নগদ মার্জিন সংরক্ষণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ০৪ জুলাই ২০২২ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-২৫, ২২ ডিসেম্বর ২০২২ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৪ এবং ২০ জুন ২০২৩ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। সুদ্রোক্ত সার্কুলার লেটারসমূহের মাধ্যমে বৈশ্বিক অর্থনৈতিক অস্থিতিশীল পরিস্থিতির প্রেক্ষাপটে দেশের মুদ্রা ও ঋণ ব্যবস্থাপনা অধিকতর সুসংহত রাখার লক্ষ্যে আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে নগদ মার্জিনের হার নির্ধারণ সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়।
- ৩। এছাড়া, দেশের বৈদেশিক মুদ্রা বিনিময় হার ও লেনদেনে কাস্থিত স্থিতিশীলতার ক্রমোন্নতি পরিলক্ষিত হওয়ার প্রেক্ষাপটে আমদানি বাণিজ্য সহজীকরণের মাধ্যমে দেশের ব্যবসায়-শিল্প-বাণিজ্যকে গতিশীল করা এবং অভ্যন্তরীণ বাজারে নিত্যপ্রয়োজনীয় ভোগ্যপণ্য সমূহের সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে অনুচ্ছেদ নং-৪ এ উল্লিখিত পণ্যসমূহ ব্যতীত সকল পণ্যের আমদানি ঋণপত্র খোলার ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নগদ মার্জিনের হার নির্ধারণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।
- ৪। নিম্নবর্ণিত বিলাসজাতীয় পণ্য এবং অভ্যন্তরীণভাবে উৎপাদিত আমদানি বিকল্প পণ্যসমূহের আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে ১০০% নগদ মার্জিন সংরক্ষণ করতে হবে:

১। মোটরকার (সেডানকার, SUV, MPV ইত্যাদি);

৮। প্রসাধনী;

২। ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক্স হোম/অফিস অ্যাপ্লায়েন্স;

৯। আসবাবপত্র ও সাজসজ্জা সামগ্রী;

৩। স্বর্ণ ও স্বর্ণালঙ্কার;

১০। ফল ও ফুল;

৪। মূল্যবান ধাতু ও মুক্তা;

১১। নন সিরিয়াল ফুড অর্থাৎ অ-শস্য খাদ্যপণ্য;

৫। তৈরী পোশাক;

১২। প্রক্রিয়াজাত খাদ্যদ্রব্য ও পানীয়: যেমন টিনজাত (Canned) খাদ্য, চকলেট, বিস্কুট, জুস, কফি, সফট ড্রিংকস ইত্যাদি;

৬। চামড়াজাত পণ্য;

১৩। অ্যালকোহল জাতীয় পানীয়; এবং

৭। পাটজাত পণ্য;

১৪। তামাক, তামাকজাত বা এর বিকল্প পণ্য।

৫। এতদ্বারা, বিআরপিডি সার্কুলার লেটার নং-২৫/২০২২, বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৪/২০২২ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-১৯/২০২৩ এর নির্দেশনা রহিত করা হলো। তবে রহিতকৃত সার্কুলার লেটারসমূহের নির্দেশনা মোতাবেক এ সার্কুলার লেটার জারি হওয়ার পূর্ব পর্যন্ত গৃহীত কার্যক্রম বৈধ বলে গণ্য হবে।

৬। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

৭। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৯ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২